



ঢাকা বিশ্ববিদ্যালয় : লোক প্রশাসন বিভাগে ০১ (এক)টি প্রভাষকের স্থায়ী শূন্য পদে নিয়োগের জন্য রেজিস্ট্রার দপ্তর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে মরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেল : ২২,০০০-৫৩,০৮০/-টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

যোগ্যতা : প্রার্থীদের অবশ্যই এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় প্রথম বিভাগ/জিপিএ-এর ক্ষেত্রে স্কেল ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ সহ লোক প্রশাসন বিষয়ে অনার্স এবং মাস্টার্স ডিগ্রিসহ উভয় পরীক্ষায় ন্যূনতম প্রথম শ্রেণি অথবা সিজিপিএ এর ক্ষেত্রে ৪.০০ এর মধ্যে ৩.৫০ প্রাপ্ত হতে হবে। যে সকল প্রার্থী অনার্স ও মাস্টার্স ডিগ্রি উভয় পরীক্ষায় প্রথম স্থান/সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে, তাদের ক্ষেত্রে এসএসসি বা এইচএসসি পরীক্ষার যে কোন একটির অনুমোদিত শর্ত শিথিলযোগ্য। প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রি এবং মানসম্পন্ন জার্নালে গবেষণা প্রকাশনা থাকলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। সংশ্লিষ্ট নোটি এবং শর্তাবলি প্রযোজ্য (বিস্তারিত জানতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট দেখুন)।

আবেদন নির্দেশিকা : রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় এর অনুকূলে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, সার্টিফিকেট, প্রশংসাপত্র, মার্কশীট/শ্রেণীশীট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ০৮ (আট) কপি আবেদনপত্র রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় বরাবর আগামী ২১/০৫/২০২৬ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

স-৭৫৬ (৪x৩)